গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন
মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www.bsti.gov.bd, E-mail: dg@bsti.gov.bd, Hotline: 16219

স্মারক নম্বর: ৩৬.০৫.০০০০.০০০.১০৭.৪৯.০০১.২৬-৩০৫০ তারিখ: ০১ অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ / ১৬ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

দরপত্র আহ্বান বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকল সম্ভাব্য ক্রেতা/প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই)-এর মৃত গাছের কাঠ ও ভান্ডার শাখায় জমাকৃত ০৩ (তিন) মাসের অধিক সময়ের কাউন্টার নমুনা এবং বিভিন্ন উইং থেকে প্রাপ্ত পুরাতন/অকেজো মালামাল বিক্রয়ের লক্ষ্যে দরপত্র/কোটেশন আহ্বান করা যাচ্ছে।

১। দরপত্র/কোটেশন দাখিলের জন্য মালামালের তালিকা ও বিবরণ বিএসটিআই-এর ভান্ডার শাখা হতে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে।

২। আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে তালিকাভুক্ত মালামাল সরেজমিনে পরিদর্শনের সুযোগ প্রদান করা হবে। এ বিষয়ে ভান্ডার শাখার সঙ্গে যোগাযোগ করতে হবে।

৩। দরপত্র/কোটেশনে প্রতিটি আইটেমের বিপরীতে পৃথকভাবে এবং প্রয়োজনে সমগ্র মালামালের জন্য একত্রে প্রস্তাবিত মূল্য উল্লেখ করতে হবে।

৪। দরপত্র/কোটেশনে দরদাতার নাম, প্রতিষ্ঠানের নাম (প্রযোজ্য ক্ষেত্রে), পূর্ণ ঠিকানা, মোবাইল নম্বর ও স্বাক্ষর থাকতে হবে।

৫। দরপত্র/কোটেশন আগামী ০১-১২-২০২৬ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে পরিচালক (সিএম)-এর দপ্তরে অথবা ভান্ডার শাখায় দাখিল করতে হবে।

৬। প্রাপ্ত দরপত্র/কোটেশনসমূহ বিএসটিআই'র পণ্য ও কার্যের নিলাম কমিটি কর্তৃক পর্যালোচনা করা হবে। প্রাপ্ত দর ও প্রচলিত বাজারদর বিবেচনাপূর্বক পরবর্তী সময়ে সংশ্লিষ্ট মালামালের সংরক্ষিত মূল্য নির্ধারণ করা হবে।

৭। বিএসটিআই কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনো দরপত্র/কোটেশন গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

৮। এ বিজ্ঞপ্তির মাধ্যমে আহ্বানকৃত দরপত্র/কোটেশন সরাসরি মালামাল বিক্রয়ের নিশ্চয়তা প্রদান করে না।

১৬/১১/২০২৬

(মোঃ আলাউদ্দিন ইসাইন)
পরিচালক (সিএম) ও
সভাপতি, বিএসটিআই'র পণ্য ও
কার্যের নিলাম কমিটি